

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
(সাধারণ শাখা)

www.narsingdi.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি'র ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ মোস্তফা মনোয়ার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নরসিংদী
সভার তারিখ ও সময় : ০৮ জুন ২০২৩; বেলা: ১২:০০ টা
সভার স্থান : অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নরসিংদী এর অফিস কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্য : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভার কার্যক্রম শুরু করেন। সদস্য সচিব জানান যে, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এর সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণের নিমিত্ত গঠিত কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহ্বান, সেবা প্রদান প্রতিশ্রুতির বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ এবং সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা ও সিদ্ধান্ত:

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ করে দেখা যায় যে, বিভিন্ন নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করা হচ্ছে এবং এর ধারাবাহিকতা অব্যাহত রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বিভিন্ন নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা প্রদান করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল শাখা)
২.	সেবা প্রত্যাশী তথা সাধারণ জনগণ যেন প্রয়োজনীয় তথ্য সহজে পেতে পারে সেজন্য এ কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সেবা প্রত্যাশী তথা সাধারণ জনগণ যেন প্রয়োজনীয় তথ্য সহজে পেতে পারে সেজন্য এ কার্যালয়ের ওয়েব পোর্টাল সময়ে সময়ে হালনাগাদ করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা
৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ এবং হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ এবং হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি এ কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা ও আইসিটি শাখা
৪.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	ভারপ্রাপ্ত কর্মকর্তা, সাধারণ শাখা

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ মোস্তফা মনোয়ার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নরসিংদী
এবং
সভাপতি

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে এবং কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী
- ০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব/ শিক্ষা ও আইসিটি) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
- ০৫। রেভিনিউ ডেপুটি কালেক্টর, নরসিংদী
- ০৬। নেজারত ডেপুটি কালেক্টর, নরসিংদী
- ০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা,নরসিংদী
- ০৮।নরসিংদী
- ০৯। অফিস কপি।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নরসিংদী